

অভিমাণে অনুভবে মুনমুন

তিনি মুনমুন আহমেদ। আজিমপুর লেডিস ক্লাবে আজহার আলীর কাছে নাচে হাতেখড়ি তাঁর। এরপর হাবিবুল চৌধুরী ও সালেহা চৌধুরীর কাছে নাচ শেখা। কথক নৃত্যের তালিম নেন সৈয়দ আবুল কালামের কাছে, এরপর ইন্দো-বাংলাদেশ ফ্লোরশিপ স্কিম নিয়ে ভারতীয় কলা কেন্দ্রে নাচের তালিম চলে দু'বছর রাজকুমার শর্মা ও রামমোহন মহারাজের কাছে। দিল্লীর কেন্দ্র হতে ফেলোশিপ লাভ করে দেশে ফিরে আসেন ১৯৯৪-এ। উপমহাদেশখ্যাত নৃত্যগুরু বিরজু মহারাজের যোগ্য শিষ্য ভারতেও কথক নাচের একজন প্রথম সারির শিল্পী হিসাবে নিজের আসন তৈরি করেন। ধ্রুপদী নৃত্যে ভারতে কোন বাংলাদেশী শিল্পীর এতটা সাফল্য ও কৃতিত্ব মুনমুনই প্রথম দেখান। কথা হয় তাঁর সঙ্গে— ভারতে আপনার যথেষ্ট সুনাম হয়েছিল। তো, দেশে ফিরে এলেন কোন্‌ তাগিদে?

— দেশের প্রতি কমিটমেন্টের কারণে। যাতে আমার দেশকে ভাল কিছু দিতে পারি।

ঃ দেশে ফিরে শিল্পকলা একাডেমী, ছায়ানট, বাফা, সঙ্গীত একাডেমী কোথাও আপনি আজও যোগ দেননি! এর পিছনে কারণ কী?

—ইচ্ছা ছিল দেশে ফিরে শিল্পকলায় যোগ দেব। এর মাধ্যমে ভাল কিছু কাজ করব। দুঃখের ব্যাপার, অনেক পদ শূন্য থাকলেও শিল্পকলা একাডেমী আমাকে ডাকেনি। ছায়ানট, সঙ্গীত একাডেমীও ডাকেনি। বাফা বলেছে, তবে সেভাবে নয়। সম্ভবত কোয়ালিটিসম্পন্ন শিক্ষক ওদের দরকার নেই।

ঃ নাচের মাধ্যম হিসাবে কেন কথককে বেছে নিলেন?

—ছেলেবেলা থেকেই বোল বলে নাচতে আমার ভাল লাগত। কথকে একজন শিল্পী সবচেয়ে বেশি স্বাধীন। দর্শকের সঙ্গে সরাসরি কথা বলা যায় নাচের পুরোটা সময়। তাছাড়া কথকের যে দাপট, গতি এবং পাণ্ডিত্য তা আমাকে ভীষণভাবে আন্দোলিত করে।

ঃ দেশে কথকের চর্চা কেমন হচ্ছে বলে মনে করেন?

—পদ্ধতিগতভাবে সঠিক পন্থায় তেমন হচ্ছে না। বাফাতে কার্তিক সিং যা শেখান তা কথকের পর্যায়ে পড়ে না। তবে নৃত্যে আগ্রহী ছেলেমেয়েদের সংখ্যা ও মান আগের তুলনায় অনেক ভাল।

ঃ শিল্পের অন্যান্য মাধ্যমের মতো নাচের শিল্পীরা কেন বেরিয়ে আসতে পারছে না?

—নৃত্যশিল্পীদের প্রচার নেই বলে। নাচের অনুষ্ঠান প্রাইম টাইমে প্রচার হয় না টিভিতে। যে ক'টি অনুষ্ঠান প্রচার হয় তাও দায়সারা গোছের। তাই প্রচারের জন্য নৃত্যশিল্পীরা মডেলিংসহ অন্যান্য শাখায় বেশি ঝুঁকছে। পত্রিকাতেও নাচের শিল্পী নিয়ে বেশি লেখালেখি হয় না।

ঃ কিছুদিন আগে ইরাকে অনুষ্ঠান করতে যাবার সরকারী আমন্ত্রণ পেয়েছিলেন। তা প্রত্যাখ্যান করেছেন কেন?

—এর মাধ্যমে সরকারী ডেলিগেশনে শিল্পী নির্বাচন পদ্ধতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছি। শর্মিলা, তামান্না, সোমা তাবাসসুম, শুক্লাসহ আমরা যারা ভাল নাচ করি তাদের কখনও কোন ভাল অনুষ্ঠানে পাঠানো হয় না। নিয়মিত যারা যায়, তাদের যখন সমস্যা হয়, যেতে পারে না তখন আমরা সুযোগ পাই। নয়ত শুধু মধ্যপ্রাচ্যে পাঠানো হয় আমাদের। এতে দেশের সত্যিকার নৃত্যশিল্পীদের অবমূল্যায়ন করা হচ্ছে।

ঃ ভারতে তো অনেক বছর ছিলেন, ওদের সঙ্গে আমাদের সাংস্কৃতিক পরিবেশের পার্থক্য সম্পর্কে বলুন।

— নাচ, গান যাই করুক, এর প্রতি তাদের শ্রদ্ধা, মমতা, ভালবাসা প্রচণ্ড; সাংস্কৃতিক পরিবেশ তো অবশ্যই ভাল। সাংস্কৃতিক চর্চার পাশাপাশি পারফরমেন্সের সুযোগ দেয় বিভিন্ন সংস্থা। আমাদের এখানে এর কিছুই নেই।

ঃ আপনার নাচ শেখার অনুষ্ঠান 'তা তা থৈ থৈ' সম্পর্কে বলুন।

— পাক্ষিক এ অনুষ্ঠানের মাধ্যমে বাচ্চাদের ক্লাসিক্যাল নাচ শেখাতে চাচ্ছি। এটা মাসের প্রথম ও তৃতীয় বৃহস্পতিবার প্রচারিত হয়। দারুণ সাড়া পেয়েছি। প্রতি সপ্তাহে করতে পারলে আরও ভাল হতো। এটা যদি নিয়মিত করতে পারি তবে কথকের উন্নতি এদেশে অবশ্যই করতে পারব।

ঃ নাচ বিষয়ে কোন ভবিষ্যত পরিকল্পনা আছে?

— নাচের একটা প্রতিষ্ঠান করার ইচ্ছা আছে— যেখানে একাডেমিক পড়াশোনার পাশাপাশি নাচ শেখানো হবে। বিশেষভাবে নাচের ছেলেমেয়ে তৈরি করতে চাচ্ছি।